আগস্ট/২০১৯ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলাঃ রাজশাহী

সভাপতি : মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ : ১৮/০৮/২০১৯ খ্রি.
সময় : বেলা ১২.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি আগস্ট/১৯ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

#	উপজেলার নাম	ইউরিয়া				টিএসপি				এমওপি				ডিএপি			
		বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ	বরাদ্দ	উত্তোলন	উত্তোলন অবশিষ্ট	মজুদ
১	পাবা	৬৩৬	৩৭২	২৬৪	২৬৪	৬৭	৯	৫৮	১৬৮	১০০	১৬	৮৪	২৪১	৬৮	৪	৬৪	১৮৫
২	তানোর	১১৬১	৯৪৯	২১২	১৭৩	২০০	৩৫	১৬৫	৭১	৪১৩	৬৯	৩৪৪	১১৫	৩৬৯	৫৫	৩১৪	১৩৮
৩	মোহনপুর	৪৭৯	৩০৭	১৭২	১৩৪	৪০	২	৩৮	২৪	৭৮	৮	৭০	১০৪	১০৯	১১	৯৮	১১২
৪	বাগমারা	৪৯১	৪২৯	৬২	৩৭০	৭০	১৬	৫৪	২০৫	১১২	১৫	৯৭	৩২৪	১১৩	০	১১৩	২৮৭
৫	দুর্গাপুর	৪৩২	৮০	৩৫২	২১৫	৫৯	৬	৫৩	১১০	১০৩	২	১০১	১৭৫	১১৬	১	১১৫	১৫৭
৬	পুঠিয়া	৬৫২	২১৬	৪৩৬	১৯০	৮৯	২২	৬৭	৬৮	২১২	৭	২০৫	১৪৮	২০৩	৬	১৯৭	১২৩
৭	গোদাগাড়ী	১১৫৫	৮১৯	৩৩৬	১৭৬	১৬০	২৩	১৩৭	৫৪	২০০	৩	১৯৭	৫১	২৮৩	১৮	২৬৫	৯২
৮	চারঘাট	৪৩০	১৬৭	২৬৩	৩০৫	৮০	৩৫	৪৫	৪০	১৫০	২৫	১২৫	৬৮	১৩৮	৬	১৩২	৬১
৯	বাঘা	২১০	৪৯	১৬১	৭৫	৫৪	১৫	৩৯	৫১	৮৪	৪	৮০	৫৭	৭২	৫	৬৭	৯৫
১০	বোয়ালিয়া	১৬	০	১৬	৭	৫	০	৫	৩	৮	০	৮	৫	৮	০	৮	৫
১১	মতিহার	১২	০	১২	২	৩	০	৩	৩	৮	০	৮	২	৬	০	৬	৩
		৫৬৭৪	৩৩৮৮	২২৮৬	১৯১১	৮২৭	১৬৩	৬৬৪	৭৯৭	১৪৬৮	১৪৯	১৩১৯	১২৯০	১৪৮৫	১০৬	১৩৭৯	১২৫৮

উপপরিচালক জানান যে, রাজশাহী বাফার গুদামে ৭১৬১ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৪৬৫ মেঃটন, এমওপি ১০৫৩ মেঃটন এবং ডিএপি ৩৯২৯ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় ইউরিয়া ব্যাতিত যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৩১২ মেঃটন, টিএসপি ৫২০ মেঃটন, এমওপি ১১৬৬ মেঃটন এবং ডিএপি ১১৮১ মেঃটন। বিসিআইসি'র বাফার গুদামে ইউরিয়া সারের সার্বিক মজুদ ও বিতরণ পরিস্থিতি অবহিত হওয়ার জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে রাজশাহী বাফার গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারগণ-কে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
(২) রাজশাহী বাফার গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অত্র কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করা হলো। তিনি প্রতি মাসে ইউরিয়া সারের আগমণ, বিতরণ ও মজুদ পরিস্থিতি উপস্থাপন করবেন এবং মাস শেষে একটি প্রতিবেদন (ব্র্যান্ডের নাম সহ) দাখিল করবেন।

আলোচনা -৩: অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা প্রসঙ্গে।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান যে, চলতি মৌসুমে জেলায় ৭৪৯৮১ হেক্টর জমিতে আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা গত বছরের তুলনায় প্রায় ৪০০০ হেক্টর বেশি । এখন পর্যন্ত ৬৯২১৪ হেক্টর জমিতে ধান রোপন সম্পন্ন হয়েছে। বর্তমানে পর্যাপ্ত বৃষ্টিপাত হওয়াতে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া এ বছর দেরীতে বৃষ্টিপাত হওয়ায় লেট

আউশ আবাদ বৃদ্ধি পেয়েছে। লেট আউশ এবং আমন ধানে ইউরিয়া সারের উপরিপ্রয়োগের জন্য অতিরিক্ত ইউরিয়া সারের প্রয়োজন হচ্ছে। এমতাবস্থায় জেলায় অতিরিক্ত ইউরিয়া সারের প্রয়োজন হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : আবাদ পরিস্থিতি ও বাস্তব অবস্থার প্রেক্ষিতে উপজেলা পর্যায়ে অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা নিরুপণ করত: মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক চলতি মাসের ইউরিয়া সারের বরাদ্দ, উত্তোলন, অনুত্তোলিত সারের পরিমান উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারের যৌথ স্বাক্ষরে জেলায় দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। উপজেলা হতে চাদিাপত্র প্রাপ্তি স্বাপেক্ষে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচনা -৪ রাজশাহী ইউরিয়া সারের নতুন বিসিআইসি'র বাফার গোডাউন নির্মানের জন্য স্থান নির্ধারণ।

সাধারণ সম্পাদক, বিএফএ, রাজশাহী বলেন রাজশাহীতে ইউরিয়া সারের নতুন বিসিআইসি'র বাফার গোডাউন নির্মাণের জন্য প্রাথমিকভাবে কাশিয়াডাংগা সংলগ্ন স্থান নির্বাচন করা হয়েছে, ডিলারগণের সকলের সুবিধার কথা বিবেচনা করে রাজশাহীর নওদাপাড়া আমচত্তরের আশে পাশে গোডাউন নির্মানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে তিনি ডিলারগণের পক্ষ থেকে গোডাউন নির্মানের সম্ভাব্য চারটি স্থান(দাগ নংসহ ম্যাপ) উল্লেখ করে আবেদন পেশ করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট আবেদন যাচাই বাছাই পূর্বক পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলোচনা -৫ বিএডিসি'র বীজ ।

উপপরিচালক(বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বলেন যে, আমন মৌসুমের জন্য বিভিন্ন জাতের ১২৯.৫ মেঃটন ধান বীজ এবং ০.০৩০ মেঃটন সীম বীজ পাওয়া গেছে। যা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে এ সকল বীজ বিক্রয় করা হচ্ছে। ইতিমধ্যে ডিলারওয়ারী উপজেলা ভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়েছে এবং আমন ধান বীজ ৯১.০ মেঃটন ও সীম বীজ ০.০১০ মেঃটন বিক্রয় সম্পন্ন হয়েছে। সীম বীজের বিক্রয় মূল্য ভিত্তি বীজ ডিলার পর্যায়ে ১৮০/-, চাষী পর্যায়ে ২০০/- এবং মানঘোষিত বীজ ডিলার পর্যায়ে ১৭০/-, চাষী পর্যায়ে ১৯০/- টাকা। সকল বীজ বিক্রয়ের জন্য তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : বিএডিসি'র বীজ ডিলারগণকে সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে বীজের আগমনী বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৮/৮/১১

মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.১৭.৮১০০.০৪১.৪০.৭১৪.১২-১৫৭১(৫৫) তারিখঃ ২৮/০৮/২০১৯খ্রিঃ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৫.
....(কমিটির সকল সদস্য)
....
....

২৮/৮/১৯
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩